চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৩০ এপ্রিল ২০১৮ খ্রি.

মহান ‘মে’ দিবসে
সিটি মেয়রের শুভেচ্ছা বাণী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন মহান মে দিবস উপলক্ষে এক বাণীতে সকল মেহনতি শ্রমিক জনতাকে শুভেচ্ছা জানিয়েছেন। বাণীতে মেয়র বলেন, শ্রমিক শ্রেণী সভ্যতা বিকাশের অগ্রগামী সৈনিক। তাদের শ্রমে ও ঘামে গড়ে উঠেছে মানব সভ্যতার ভিত। ১৮৮৬ সালের এই দিনে আমেরিকার মেক্সিকো সিটির হে মার্কেটে দৈনিক আট ঘন্টা শ্রমের দাবিতে সংগঠিত শ্রমজীবি জনতার ঐতিহাসিক বিপ্লব ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। এ বিপ্লবের মধ্য দিয়ে শ্রমিক শ্রেণীর অধিকার প্রতিষ্ঠিত হয়েছে। বাণীতে মেয়র বলেন, বাংলাদেশের শ্রমিকদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠায় সরকার আন্তরিক। শ্রমিক বান্ধব জননেত্রী শেখ হাসিনার সরকার   মজুরী কমিশন ও পে কমিশনের আওতায় শ্রমিক কর্মচারীদের ন্যায্য পাওনা প্রাপ্তি নিশ্চিত করেছে। মেয়র বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামসহ জনতার সকল মুক্তিকামী আন্দোলনে শ্রমিক শ্রেণীর ভূমিকা ও অবদানের কথা স্বীকার করে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে শ্রমিক শ্রেণীকে আরো বলিষ্ঠ অবদান রাখার আহ্বান জানান।

চট্টগ্রাম- ৩০ এপ্রিল ২০১৮ খ্রি.

১ লক্ষ টাকা হোল্ডিং ট্যাক্স
পরিশোধ করলেন মোছাম্মৎ সরোয়ারী মাহমুদা বেগম

চট্টগাম সিটি কর্পোরেশনের নোটিশ পেয়ে ২১ নং জামাল খান ওয়ার্ডের ৫ নং সার্কেলের ১৮৪/২২২/৫৪৭ হোল্ডিং এর মালিক মোছাম্মৎ সরোয়ারী মাহমুদা বেগম ৩০ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার, দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌস এর দপ্তরে এক সাথে বকেয়া সহ হাল নাগাদ ১ লক্ষ টাকা হোল্ডিং ট্যাক্স পরিশোধ করেন।

চট্টগ্রাম- ৩০ এপ্রিল ২০১৮ খ্রি.

এ টু আই এর “অন লাইন সনদপত্র ব্যবস্থাপনা” ও
“অনলাইন সম্পত্তি ব্যবস্থাপনা” শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বলেছেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সেবাধর্মী যাবতীয় কর্মকান্ড অন লাইনের আওতায় আনা হবে। এ লক্ষ্যে রাজস্ব,হিসাব,প্রকৌশল,শিক্ষা সহ সকল বিভাগে কার্যক্রম চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই আওতায় মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এর অধীনে

এক্সেস টু ইনফরমেশন প্রোগ্রামের আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনে অনলাইন সনদপত্র ব্যবস্থাপনা ও "অনলাইন সম্পত্তি ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আশা করা যাচ্ছে এ দু'টি ব্যবস্থাপনায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন সফলভাবে সম্পাদন করতে সক্ষম হবে। ৩০ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার, সকালে নগরভবনের কে বি আবদুছ ছত্তার মিলনয়তনে এ টু আই এর অন লাইন সনদপত্র ব্যবস্থাপনা ও অনলাইন সম্পত্তি ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন।উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা। এতে প্রধান রাজস্ব কর্মকর্তা ও ভারপ্রাপ্ত সচিব ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান,এ টু আই প্রোগ্রামের ইনোভেশন স্পেশালিষ্ট মিসেস শাহিদা সুলতানা, সিনিয়র সফটওয়্যার ইঞ্জিনিয়ার শাকিলা রহমান, এডভান্স টেকনোলজি ইনোভেশন লি. এর প্রজেক্ট কো-অর্ডিনেটর আবদুল করিম, অলিভিন লি. এর আইসিটি বিজনেস অ্যানালিষ্ট মো. সামাওয়াত উল্লাহ বক্তব্য রাখেন। কর্মশালা উপস্থাপন করেন জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম। কর্মশালায় অন লাইন সনদপত্র ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন অলিভিন লি. এর আইসিটি বিজনেস অ্যানালিষ্ট মো. সামাওয়াত উল্লাহ এবং অনলাইন সম্পত্তি ব্যবস্থাপন সংক্রান্ত তথ্য পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন ডভান্স টেকনোলজি ইনোভেশন লি. এর প্রজেক্ট কো-অর্ডিনেটর আবদুল করিম। দিনব্যাপী কর্মশালায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৪১ টি ওয়ার্ডের সচিব এবং ১৪ জন সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর এর সচিব অংশগ্রহণ করেন।

চট্টগ্রাম- ৩০ এপ্রিল ২০১৮ খ্রি.

প্রিয় নগরী চট্টগ্রামকে পরিচ্ছন্ন ও মাদকমুক্ত নগরী হিসেবে গড়ে তুলতে সকলের সহযোগিতা প্রয়োজন।

২ নং জালালাবাদ ওয়ার্ডে নাগরিক সমাবেশে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বলেছেন, আমাদের প্রিয় নগরী চট্টগ্রামকে পরিচ্ছন্ন ও মাদকমুক্ত নগরী হিসেবে গড়ে তুলতে সকলের সহযোগিতা প্রয়োজন। মহান মুক্তিযুদ্ধে সকল শ্রেনীর মানুষ যেভাবে ঝাপিয়ে পড়েছিল দেশকে স্বাধীন করার জন্য ঠিক সেভাবে নগরীর প্রতিটি ওয়ার্ডে ওয়ার্ডে সকল শ্রেনী ও পেশার নাগরিকদের নিয়ে কমিটি গঠন করে পাড়ায় মহল্লায় প্রতিরোধ দূর্গ গড়ে তুলে মাদক সেবীদের তালিকা তৈরী করে প্রকাশ্যে প্রচার করা হবে। মেয়র বলেন, কোন অপরাধী আমার সন্তান হলেও তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। জনস্বার্থে সন্ত্রাস,জঙ্গী ও মাদকসেবীদের নির্মূল করতে হবে। সন্ত্রাসীদের কোন দল নেই। মাদকসেবীরা কারোর আপনজন হতে পারে না। সার্বজনীন দৃষ্টি ভঙ্গি নিয়ে সন্ত্রাস,জঙ্গীবাদ ও মাদক নিয়ন্ত্রণ করতে হবে। সাধারন মানুষ ঐক্যবদ্ধ হলে কোন অপরাধীই অপরাধ করে রেহাই পাবে না। তিনি বলেন, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী ও মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের সাথে ঐক্যবদ্ধ হয়ে মাদক নিয়ন্ত্রনে ভূমিকা রাখতে হবে। জনকল্যাণ এবং ধর্মীয় কাজে কোন ধরনের দলীয় বিভাজন থাকতে

পারে না । ৩০ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার, দুপুরে নগরীর জালালাবাদ ওয়ার্ডে আলপনা কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী নাগরিক সমাবেশে মেয়র এ সব কথা বলেন। নাগরিক সমাবেশে সভাপতিত্ব করেন ২নং জালালাবাদ ওয়ার্ড কাউন্সিলর আলহাজ্ব সাহেদ ইকবাল বাবু। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম এর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ২৭নং ওয়ার্ড কাউন্সিলর ও আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি এইচ এম সোহেল, ১৫ নং ওয়ার্ড কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, নির্বাহী ম্যাজিস্ট্রেট মিসেস আফিয়া আখতার, স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস, বায়েজিদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. আবুল কালাম, বায়েজিদ থানা আওয়ামীলীগের সাধারন সম্পাদক মো. সফিউল আলম সগির। আরো আলোচনা করেন দেওয়ান আলী জামে মসজিদ কমিটির সভাপতি মোহাম্মদ ইয়াকুব, অনির্বান ক্লাবের সাধারন সম্পাদক আলহাজ্ব কামরুল হাসান, চন্দ্র নগর জামে মসজিদ কমিটির সভাপতি মো. বাহার উদ্দিন, আরেফিন নগর ব্যবসায়ী সমিতির সভাপতি মো. কাশেম, মহল্লা সর্দার আমিনুল হক বাবুল, চক্রেসো আবাসিক এলাকার সাধারন সম্পাদক মো. হাশেম, কুঞ্জ ছায়া আবাসিক এলাকার সহ সভাপতি আলহাজ্ব আবু সাইদ, শীতল ঝর্ণা আবাসিক এলাকার সাধারন সম্পাদক আলহাজ্ব সৈয়দ মো. শাহ এরফান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আওয়ামীযুবলীগ নেতা আবু নাছের তালুকদার,অধ্যক্ষ আমিনুল ইসলাম, আওয়ামীলীগ নেতা মো. আবদুল করিম, মো. রাজা মিয়া রাজু, সাবেক মহিলা কমিশনার ফেরদৌস বেগম মুন্নি, সোহরাব উদ্দিন চৌধুরী, হাজী মো. ইব্রাহিম, আলহাজ্ব আবু সাইদ, এ কে এম হারুন জালালাবাদী, মঞ্জুর আলম চৌধুরী, ছাত্রনেতা মোরশেদুল আলম, নুরুল হক মনি, মিজানুর রহমান, রোমান দাশ সহ অন্যরা। প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন আরো বলেন, ইসলাম শান্তি ও সাম্যের ধর্ম। এ ধর্মে জঙ্গীবাদের কোন স্থান নেই। যারা জঙ্গীবাদে লিপ্ত তাদেরকে চিহ্নিত করে আইনের হাতে সোপর্দ করতে হবে। মেয়র বলেন, মাদক বর্তমানে যুব সমাজকে ধ্বংস করছে। মাদক সেবনের কারণে পরিবার, সমাজ ও দেশে তাদের কোন ঠাই নেই। ঘৃণিত এ মাদক সেবন থেকে যুব সমাজকে রক্ষা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন সচেতনতামূলক প্রচারাভিযান পরিচালনা করছে। তিনি দল-মত-ধর্ম-বর্ণ-গোত্র-সম্প্রদায় নির্বিশেষে সকলকে মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদের বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহবান জানান।

চট্টগ্রাম- ৩০ এপ্রিল ২০১৮ খ্রি.

কবি নজরুল ইসলাম সড়কে ভারী যানবাহন চলাচল বন্ধে কার্যকর উদ্যোগ গ্রহনে সিটি মেয়রের আশ্বাস

অতি সম্প্রতি ট্রাকের চাপায় অডি রিবেরো নামক একজন নিরীহ পথচারীর মৃত্যু সহ একের পর এক দূর্ঘটনা,প্রানহানি ও অঙ্গহানির কারনে নগরীর ৩১ নং আলকরন ওয়ার্ড ও ৩৩ নং ফিরিঙ্গীবাজার ওয়ার্ডের অধিবাসীবৃন্দ ৩০ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার, বিকেলে, নগরভবনের সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন এর নিকট একখানা স্মারকলিপি প্রদান করেন।

স্মারকলিপিতে তারা কবি নজরুল ইসলাম সড়কে ভারী যানবাহন চলাচল বন্ধে কার্যকর উদ্যোগ গ্রহণ করার জন্য মেয়রের নিকট দাবী জানান। মেয়র আ জ ম নাছির উদ্দীন স্মারকলিপি গ্রহণ করে কবি নজরুল ইসলাম সড়কে ভারী যানবাহন চলাচল বন্ধ করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদকে নির্দেশ দেন। তিনি কবি নজরুল ইসলাম সড়কে হাই বেরিয়ার গেইট (উচ্চতা প্রতিবন্ধক স্টীল বার) গেইট নির্মাণ করে ভারী যানবাহান চলাচল বন্ধ করার উদ্যোগ গ্রহনের নির্দেশ দেন। তিনি আরো বলেন, এ সড়কে ভারী যানবাহন বন্ধে পুলিশ প্রশাসনের ট্রাফিক বিভাগের সাথে আলোচনা করে স্থায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। মেয়র বলেন, এই সড়ক দিয়ে পথচারী ছাড়াও কোমলমতি শিক্ষার্থী ও নারী পুরুষ অবাধে চলাচল করে। তাদের চলার পথে ভারী যানযাবন অবাধে চলাচল করা সঠিক নয় বলেই ট্রাফিক পুলিশের মাধ্যমে এ রোডটিতে হালকা যানবাহন চলাচলের জন্য খোলা রাখা হবে। স্মারক লিপি প্রদানকালে সড়ক দূর্ঘটনায় নিহত অডি রিবেরো এর স্ত্রী মেরী ও তার স্বজন এডার্ম রিবেরো, মারজুরি রিবেরো, ইরোল গোমেজ, সিওয়াসটার বারনাডেল, এলাকাবাসীর মধ্যে রফিকুল হোসেন বাচ্চু, কাউন্সিলর তারেক সোলাইমান সেলিম, মশিউর রহমান চৌধুরী, রায়হান ইউসুফ, গোলাম কিবরিয়া, ফারুক আহমেদ, তারেক সর্দার, মাহবুবুল হক সুমন, এমরান কাদের, শওকত হোসাইন, মোহাম্মদ সালাউদ্দিন, ফরহান আহমেদ, মনির সর্দার, সাইফুদ্দিন আহমেদ, তাজউদ্দিন রিজভী, কামরুল হক, ইয়াছির আরাফাত, মাইনুল হক লিমন, রাইহান নেওয়াজ সগির, মো. কায়ছার, মো. এরশাদ, নিয়াজ মোর্শেদ, সামিউল হাসান সহ অন্যরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ৩০ এপ্রিল ২০১৮ খ্রি.

চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে পাঁচলাইশ থানা আওয়ামীলীগের মতবিনিময়

৩০ এপ্রিল ২০১৮ খ্রি. সোমবার, বিকেলে, নগরভবনের সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন এর সাথে পাঁচলাইশ থানা আওয়ামীলীগের নেতৃবৃন্দ মতবিনিময় করেন। মতবিনিময়ে তারা পাঁচলাইশ থানা আওয়ামীলীগকে পুনঃগঠনের দাবী জানান। এসময় মেয়র বলেন, সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনা করে পাঁচলাইশ থানা আওয়ামীলীগ পুনঃগঠনের উদ্যোগ গ্রহণ করা হবে। মতবিনিময়ে এম এ হাশেম, শাহজাহান সুফি, আমিনুর রহমান, রফিউল হায়দার রফি, আব্বাস উদ্দিন চৌধুরী, এমরানুল হক, এস এম খালেদ বাবুল, আবুল হাশেম সোবহান, আনোয়ারুল ইসলাম বাপ্পী, শেফায়েত উল্লাহ মাসুম, আখতার ফারুখ, এডভোকেট তসলিম, কাজী নুরুল আলম, ওয়াহিদুল আলম শিমুল, সাহেদ হায়দার খান সহ অন্যরা উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন